



ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড (ডেসকো)

বাড়ী নং-৩, সড়ক নং-২৪, ব্লক-কে, বনানী মডেল টাউন, ঢাকা-১২১৩।

মার্চ ০৮, ২০০৪ইং

স্মারক নং-ডেসকো/এমএ/২০০৪/৮৬০

-ঃ অফিস আদেশ ঃ-

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ২৪/০২/২০০৪ইং তারিখে অনুষ্ঠিত ১৮ তম ব্যবস্থাপনা সভায় গৃহীত সিদ্ধান্ত অনুসারে একটি ক্রয় নীতিমালা প্রণয়নের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে কমিটি গঠন করা হল ঃ

- | | | |
|--|---|-------------|
| (১) প্রকৌঃ এফ.এম. ফরিদুল হক, ব্যবস্থাপক (প্রশাসন) | - | আহ্বায়ক। |
| (২) জনাব মেজবাউদ্দিন মাহাবুব, সহঃ ব্যবস্থাপক (হিসাব) | - | সদস্য। |
| (৩) প্রকৌঃ এ.কে.এম. মহিউদ্দিন, সহঃ ব্যবস্থাপক (পি এন্ড ডি) | - | সদস্য-সচিব। |

আগামী ০৭/০৪/২০০৪ইং তারিখের মধ্যে উক্ত কমিটি কোম্পানীর ক্রয় নীতিমালা প্রণয়ন পূর্বক অনুমোদন গ্রহণের জন্য ব্যবস্থাপনা কর্তৃপক্ষের বরাবরে উপস্থাপন করবেন।

কোম্পানীর ক্রয় নীতিমালা অনুমোদিত না হওয়া পর্যন্ত ক্রয়/সেবা গ্রহণের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকল বিভাগ/কর্মকর্তা নিম্নবর্ণিত নীতিমালা অনুসরণ করবেন ঃ

- ১। একজন কর্মকর্তা/৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার অতিরিক্ত অগ্রীম গ্রহণ করতে পারবেন না, গৃহীত অগ্রীম সমন্বয়ের পর পুনরায় অগ্রীম গ্রহণ করা যাবে।
- ২। একক ভাউচারের মাধ্যমে সর্বোচ্চ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা পর্যন্ত মালামাল ক্রয়/সেবা গ্রহণ করা যাবে।
- ৩। সর্বনিম্ন ৫,০০১/- (পাঁচ হাজার এক) টাকা হতে সর্বোচ্চ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত স্পট কোটেশনের মাধ্যমে মালামাল ক্রয়/সেবা গ্রহণ করা যাবে।
- ৪। সর্বনিম্ন ৫০,০০১/- (পঞ্চাশ হাজার এক) টাকা হতে সর্বোচ্চ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা পর্যন্ত নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে মালামাল ক্রয়/সেবা গ্রহণ করা যাবে।
- ৫। ২,০০,০০১/- (দুই লক্ষ এক) টাকার উর্দে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে মালামাল ক্রয়/সেবা গ্রহণ করা যাবে।

এই আদেশ অবিলম্বে কার্যকরী হবে।

প্রকৌঃ এফ.এম. ফরিদুল হক
ব্যবস্থাপক (প্রশাসন)।

বিতরণ ঃ কমিটির সকল সদস্যবৃন্দ।

সদয় অবগতির জন্য অনুলিপি ঃ

- ১। ব্যবস্থাপনা পরিচালক।
- ২। পরিচালক (অর্থ)/(কারিগরী)।
- ৩। ব্যবস্থাপক, কাফরুল/কল্যাণপুর/পল্লবী/গুলশান/উত্তরা/বারিধারা বিক্রয় ও বিতরণ বিভাগ/
অর্থ ও হিসাব/পি এন্ড ডি।
- ৪। কোম্পানী সচিব।